



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
ঐতিহাসিক ৭ই মার্চ পালিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৭ মার্চ ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আজ ঐতিহাসিক ৭ই মার্চ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ সকাল আটটা হতে বিশ্ববিদ্যালয়ের প্রধান গেট, জয়বাংলা গেট ও বিশমাইল গেট সংলগ্ন এলাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ও দেশাত্মবোধক গান প্রচার করা হচ্ছে। দিবসটি উপলক্ষে সকাল দশটায় বিশ্ববিদ্যালয়ের পুরাতন কলাভবন চত্বরে শিশু-কিশোরদের মধ্যে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। বিভিন্ন আবাসিক হলেও সন্ধ্যা থেকে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ও দেশাত্মবোধক গান প্রচার করা হবে।

*Mohammad Mahiuddin*

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

